

## 💵 তাওহীদ ও তার প্রমাণাদি

বিভাগ/অধ্যায়ঃ আকীদার ব্যাপারে ৫০টি প্রশ্নোত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

প্রশ্ন-১৪: আল্লাহ তা'আলা মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম) কে কি দিয়ে প্রেরণ করেছেন?

উত্তর: একমাত্র আল্লাহর ইবাদত করা এবং তার সাথে কাউকে অংশিদার না করার নির্দেশ দিয়ে তাঁকে প্রেরণ করেছেন এবং কোনো সৃষ্টি যেমন ফেরেশতা, নবীগণ, সংলোক, পাথর এবং বৃক্ষরাজির পূজা বা উপাসনা করতে নিষেধ করেছেন।

তিনি বলেন:

[۲٥: الانبياء: ٢٥] ﴿ وَمَاۤ أَرااَسُلَاانَا مِن قَبِالِكَ مِن رَّسُولٍ إِلَّا نُوحِيَ إِلَياهِ أَنَّهُ لاَ إِلَٰهَ إِلَّا أَنَا اَ فَأَعابَدُونِ ٢٥ ﴾ [الانبياء: ٢٥] অর্থাৎ: আমি তোমাদের পূর্বে এমন কোনো রাসূল প্রেরণ করিনি তার প্রতি এ নির্দেশ ব্যতীত যে, আমি ছাড়া অন্য কোনো হক ইলাহ নেই; সূতরাং তোমরা আমারই ইবাদত কর। [সূরা আম্বিয়া ২৫]

তিনি আরও বলেন:

﴿ وَسَائِّلُا مَن اَ أَراسَلَانَا مِن قَبالِكَ مِن رُسُلِنَآ أَجَعَلانَا مِن دُونِ ٱلرَّحالَمْنِ ءَالِهَةُ يُعابَدُونَ ٥٥ ﴾ [الزخرف: ٥٥]

অর্থাৎ: আপনার পূর্বে আমি যে সকল রাসূল প্রেরণ করেছিলাম তাদেরকে আপনি জিজ্ঞেস করুন, আমি কি দয়াময় আল্লাহ ব্যতীত কোনো মা'বুদ স্থির করেছিলাম যাদের ইবাদত করা যায়? [সূরা যুখরুফ ৪৫] তিনি আরও বলেন:

﴿ وَمَا خَلَقَاتُ ٱلنَّاجِنَّ وَٱلنَّاإِنسَ إِلَّا لِيَعْ اللَّهُونِ ٥٦ ﴾ [الذاريات: ٥٦]

আমি জ্বিন এবং মানুষকে সৃষ্টি করেছি শুধুমাত্র আমার ইবাদত করার জন্য। [সূরা যারিয়াত ৫৬]
এ থেকে জানা যায় যে, আল্লাহ কেবলমাত্র এককভাবে তাঁর ইবাদত করার জন্যই সকল সৃষ্টিকে তৈরী করেছেন।
কাজেই তিনি তার বান্দাদের নিকট রাসূল প্রেরণ করেছেন এরই নির্দেশ দেওয়ার জন্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3623

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন